

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ১৮৮

৩/ হায়য (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৩/১১. মাথায় এবং শরীরের অন্যান্য অঙ্গে তিনবার পানি বইয়ে দেয়া মুস্তাহাব

استحباب إفاضة الماء على الرأس وغيره ثلاثا

আরবী

حَدَّثَ جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ هُوَ وَأَبُوهُ وَعِنْدَهُ قَوْمٌ فَسَأَلُوهُ عَنِ الْغُسْلِ فَقَالَ يَكْفِيكَ صَاعٌ فَقَالَ رَجُلٌ مَا يَكْفِينِي فَقَالَ جَابِرٌ كَانَ يَكْفِي مَنْ هُوَ أَوْفَى مِنْكَ شَعْرًا وَخَيْرٌ مِنْكَ ثُمَّ أَمَّنَا فِي تَوْبٍ

বাংলা

১৮৮. আবু জা'ফর (রহ.) হতে বর্ণনা করেন যে, তিনি ও তাঁর পিতা, জাবির ইবনু 'আবদুল্লাহ্ (রাযি.)-এর নিকট ছিলেন। সেখানে আরো কিছু লোক ছিলেন। তাঁরা তাঁকে গোসল সম্বন্ধে জিজ্ঞেস করলেন। তিনি বললেন, এক সা'আ তোমার জন্য যথেষ্ট। তখন এক ব্যক্তি বলে উঠলঃ আমার জন্য তা যথেষ্ট নয়। জাবির (রাযি.) বললেনঃ তোমার চেয়ে অধিক চুল যাঁর মাথায় ছিল এবং তোমার চেয়ে যিনি উত্তম ছিলেন (আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর জন্য তো এ পরিমাণই যথেষ্ট ছিল। অতঃপর তিনি এক কাপড়ে আমাদের ইমামত করেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫: গোসল, অধ্যায় ৩ হাঃ ২৫২; মুসলিম, পর্ব ৩: হায়য, অধ্যায় ১১, হাঃ ৩২৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু জা'ফার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33428>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন